ডিআইজি পরিচয়ে ভিআইপি লাউঞ্জ ব্যবহার, অতিরিক্ত ডিআইজি বরখাস্ত

ছবি: সংগৃহীত

ডিআইজি পরিচয়ে বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার এবং অনুমোদিত ছুটির আগেই বিধিবহির্ভূতভাবে কর্মস্থল ত্যাগসহ অসদাচরণের অভিযোগে অতিরিক্ত ডিআইজি টুটুল চক্রবর্তীকে চাকরি থেকে বরখাস্ত করেছে সরকার।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মনজুর মোর্শেদ চৌধুরীর সই করা প্রজ্ঞাপনটি বৃহস্পতিবার (৮ অক্টোবর) প্রকাশ করা হয়। এতে বলা হয়েছে, টুটুল চক্রবর্তী গত ২৩ জানুয়ারি থেকে পলাতক হিসেবে উল্লেখিত এবং সাময়িক বরখাস্ত অবস্থায় রাজশাহী রেঞ্জ ডিআইজির কার্যালয়ে সংযুক্ত ছিলেন।

প্রজ্ঞাপন অনুযায়ী, ২০২৫ সালের ১৪ ও ১৫ নভেম্বর কর্মস্থল ত্যাগের অনুমতি এবং ১৬ থেকে ১৮ নভেম্বর ছুটি থাকলেও টুটুল চক্রবর্তী ১৩ নভেম্বরই কোনো প্রস্থান প্রতিবেদন জমা না দিয়ে কর্মস্থল ছাড়েন। ওই দিন নিজেকে রাজশাহী রেঞ্জের ডিআইজি পরিচয় দিয়ে শাহ মখদুম বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার করেন এবং সকাল ১০টা ২০ মিনিটে ইউএস-বাংলা এয়ারলাইন্সের ফ্লাইটে ঢাকার উদ্দেশে রওনা হন।

এর আগেও একাধিকবার একই পরিচয়ে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। বিষয়টি গোয়েন্দা সংস্থার নজরে আসার পর পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে ২০২৬ সালের ৫ ফেব্রুয়ারি তার বিরুদ্ধে বিভাগীয় মামলা হয়।

তদন্তে অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়। পরে কারণ দর্শানোর দুটি নোটিশ দেওয়া হলেও তিনি কোনো জবাব দেননি। সব নথি পর্যালোচনা শেষে সরকারি কর্ম কমিশন বরখাস্তের পক্ষে মত দেয়। গত ৫ অক্টোবর রাষ্ট্রপতির অনুমোদনের পর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাকে চাকরি থেকে বরখাস্ত করা হয়।